বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
সাভার, ঢাকা-১৩৪৩
www.bpatc.org.bd
পাঠক্রম শাখা

...

সভাপতি	মোঃ রকিব হোসেন এনডিসি রেক্টর
সভার তারিখ	০৩ জানুয়ারি ২০২১
সভার সময়	সকাল ১১:০০ টা
স্থান	রেক্টর'স কনফারেন্স রুম, আইটিসি এবং অনলাইন মাধ্যম
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

চলমান ৭১তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সামগ্রিক বিষয়াবলি পর্যালোচনা এবং ৭২তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স আয়োজনের বিষয়ে আলোচনার জন্য রেক্টর, বিপিএটিসি'র সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অংশগ্রহণকারী অনলাইনে সংযুক্ত ব্যক্তিগণসহ (উপস্থিতির তালিকা) সকলকে স্বাগত জানিয়ে কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (পিপিআর) সভায় আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন। অতঃপর তিনি পরিচালক (মূল্যায়ন)-কে চলমান ৭১তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের অভিন্ন মূল্যায়ন ও ফলাফল সংক্রান্ত বিষয়ে গৃহীত বিভিন্ন কার্যক্রম উপস্থাপনের অনুরোধ জানান। পরিচালক (মূল্যায়ন) বিপিএটিসি কর্তৃক ৭১তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সামগ্রিক বিষয়াদি ও সমন্বিত মূল্যায়ন এর বর্তমান ব্যবস্থা, আশু করণীয়, চ্যালেঞ্জ সভায় অবহিত করেন। তিনি মূল্যায়ন বিভাগ কর্তৃক ইতোমধ্যে গৃহীত পদক্ষেপসমূহ যেমন- সমন্বিত মূল্যায়নের লক্ষ্যে প্রশ্নপত্র মডারেশন ও পরীক্ষা সম্পন্নকরণের জন্য একটি সাধারণ নির্দেশাবলি প্রস্তুতকরণ; সকল মডিউল পরিচালকদের সমন্বয়ে মূল্যায়ন বিভাগ কর্তৃক পূর্ণাঙ্গ সভা অনুষ্ঠান; মূল্যায়ন সংক্রান্ত নির্দেশনা, অভিন্ন ছক, প্রশ্নপত্র বিতরণ, প্রশ্নপত্র সংগ্রহ, প্রশ্নপত্রের নিরাপত্তাসহ সামগ্রিক বিষয়ে পরিকল্পনা গ্রহণ এবং কেন্দ্রের সহকারী পরিচালক, উপপরিচালক নিয়ে একটি টিম গঠন; সকল প্রতিষ্ঠানের প্রশিক্ষণার্থীকে অভিন্ন Training Management Software এ নিবন্ধিতকরণ ইত্যাদি সম্পর্কে অবহিত করেন। এছাড়াও চ্যালেঞ্জ হিসেবে অনলাইন ব্রিফিং এর কার্যকারিতা, অপ্রতুল লোকবল ইত্যাদি বিষয়ে উল্লেখ করেন। অতঃপর পরিচালক (পিপিআর) সভায় অন্যান্য আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন।

উপরোক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত

১.	বিপিএটিসিসহ মোট ৭টি প্রশিক্ষণ প্রতিষ্ঠানে চলমান ৭১তম এফটিসি'র সমন্বিত ফল ও কেন্দ্রীয় মূল্যায়ন	বিপিএটিসি ও অন্যান্য প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহে চলমান এফটিসিতে সমন্বিত মূল্যায়নের ক্ষেত্রে সকল প্রতিষ্ঠানে অভিন্ন সময় ও তারিখে পরীক্ষা অনুষ্ঠান/মূল্যায়ন সম্পন্ন করার জন্য একটি Gantt Chart প্রস্তুত করা হয়েছে। সে মোতাবেক একই দিন ও সময়ে কেন্দ্রীয়ভাবে পরীক্ষা গ্রহণ ও মূল্যায়ন প্রক্রিয়া চলমান এবং এ লক্ষ্যে প্রশ্নপত্র, উত্তরপত্র বিতরণ, সরবরাহে বিপিএটিসি'র মূল্যায়ন বিভাগ কর্তৃক নির্দিষ্ট একটি টিম কাজ করছে। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক মাসিক প্রতিবেদন পরীক্ষা করে বিভিন্ন প্রতিষ্ঠানে মডিউল ভিত্তিক সেশন অনুষ্ঠানে যে অসামঞ্জ্যতা পরিলক্ষিত হয়েছে সেটি নিরসনের উপর সভায় গুরুত্ব আরোপ করা হয়। Gantt Chart না থাকার ফলে এমনটি ঘটেছে মর্মে সভায় অভিমত প্রকাশ করা হয়। এছাড়া প্রশিক্ষণার্থীদেরকে Turnitin Software এ তাদের রিপোর্ট পরীক্ষার অনুমতি প্রদান, বিভিন্ন প্রতিষ্ঠানে একই সেশন ভিন্ন ভিন্নভাবে Delivery করার ফলে সৃষ্ট জটিলতা নিরসনের জন্য বিপিএটিসি'র লেকচারসমূহের সফট কপি, ভবিষ্যতে ট্রেনিং ম্যানুয়াল/সেশন আউট লাইন প্রস্তুত করা এবং বিপিএটিসি ও এর মূল্যায়ন অনুবিভাগে জনবল পদায়ন/সংযুক্ত করার বিষয়ে সভায় আলোচনা হয়।	১.১ সমন্বিত মূল্যায়ন ও গুণগত অভিন্ন মান বজায় রাখতে প্রণীত Gantt Chart কঠোরভাবে অনুসরণ করতে হবে। মডিউল ভিত্তিক সেশন অনুষ্ঠানের অসামঞ্জস্যতা দূর করতে হবে। বাস্তবায়ন: সংশ্লিষ্ট কোর্স প্রশাসন, সকল প্রতিষ্ঠান ১.২ Plagiarism রোধ করতে প্রশিক্ষণার্থীগণ তাদের রিপোর্ট জমাদানের পূর্বে নিজেরা Turnitin Software এ পরীক্ষা করে রিপোর্ট দাখিল করতে পারেন সে ধরণের ব্যবস্থা তৈরি করা। বাস্তবায়ন: সংশ্লিষ্ট কোর্স প্রশাসন, সকল প্রতিষ্ঠান এবং মূল্যায়ন ও আইটি শাখা, বিপিএটিসি ১.৩ ক) বিপিএটিসি ও অন্যান্য প্রতিষ্ঠানের মধ্যে সেশন Delivery করার ক্ষেত্রে Session Outline এ সমতা আনয়নের জন্য বিপিএটিসি'র সেশনসমূহের Softcopy/Recorded session অন্যান্য প্রতিষ্ঠানের সাথে শেয়ার করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়ন: সংশ্লিষ্ট কোর্স প্রশাসন ও আইটি শাখা, বিপিএটিসি খ) ভবিষ্যতের জটিলতা নিরসনের লক্ষ্যে বুনিয়াদি প্রশিক্ষণের জন্য "ট্রেনিং ম্যানুয়াল" তৈরি করার উদ্যোগ গ্রহণ করার বিষয়ে সভায় নীতিগতভাবে সিদ্ধান্ত গ্রহীত হয়। বাস্তবায়ন: পিপিআর অনুবিভাগ, বিপিএটিসি গ) বিপিএটিসি'র বিভিন্ন কোর্সসমূহের জন্য ইতোমধ্যে প্রণীত (খসড়া) Standard Operating Procedure (SOP) চূড়ান্ত করে বিভিন্ন প্রতিষ্ঠানে প্রেরণ করতে হবে। বাস্তবায়ন: পিপিআর অনুবিভাগ, বিপিএটিসি ১.৪ বিপিএটিসি'র শূন্য পদে জনবল পদায়ন এবং মূল্যায়ন অনুবিভাগে প্রয়োজনীয় জনবল সংযুক্তির জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় ও বিপিএটিসি প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। বাস্তবায়ন: জনপ্রশাসন মন্ত্রণালয় ও বিপিএটিসি

২.	Comprehensive Examination	চলমান ৭১তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে Comprehensive Examination/Evaluation এর বিষয়ে সভায় আলোচিত হয়। এছাড়াও সভায় উল্লেখ করা হয় বিপিএটিসি'র রেক্টর কর্তৃক উক্ত পরীক্ষা সম্পাদনে একটি মূল্যায়ন প্যানেল অনুমোদিত হয়েছে। যাতে বিপিএটিসি, জনপ্রশাসন মন্ত্রণালয়সহ অন্যান্য কয়েকটি প্রতিষ্ঠানের প্রতিনিধির নাম অন্তর্ভূক্ত করা হয়েছে। এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগপূর্বক পরবর্তী ব্যবস্থা নেয়ার বিষয়ে আলোচনা হয় এবং পূর্ববর্তী ৭০তম এফটিসি'র ন্যয় ব্যবস্থা নেয়ার বিষয়ে মত প্রদান করা হয়।	বিপিএটিসি'র মুল্যায়ন অনুবিভাগ জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংঙ্গে পরীক্ষা অনুষ্ঠানের ১৫ দিন পূর্বে যোগাযোগ করে পরীক্ষা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবে। বাস্তবায়ন: পরিচালক (মূল্যায়ন) এবং CMT-1, CMT-2, ৭১তম এফটিসি, বিপিএটিসি
৩.	অতিথি বক্তা/Panel of Speakers	সভায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সকল প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রশিক্ষণ সেশন পরিচালনার জন্য একটি সমন্বিত বক্তা প্যানেল প্রণয়নের আবশ্যকতার উপর গুরুত্ব আরোপ করা হয়। এছাড়া সভায় বিষয় সংশ্লিষ্ট পারদর্শীতা না থাকা সত্বেও বক্তা কর্তৃক সেশন পরিচালনার বিষয়ে অসন্তোষ প্রকাশ করা হয় এবং সংশ্লিষ্ট বিষয়ে বিশেষ পারদর্শীতা/অভিজ্ঞতা সম্পন্ন বক্তাদেরকে দিয়ে সেশন পরিচালনার উপর গুরুত্ব আরোপ করা হয়। বিশেষ ক্ষেত্র ব্যতীত একজন বক্তা যেন একনাগাড়ে দীর্ঘ সময় সেশন পরিচালনা না করেন সে বিষয়ে সর্তকতা অবলম্বন করাসহ In-house বক্তা এবং অনলাইন সেশন কমানোর বিষয়ে সভায় আলোচনা হয়।	বিশেষ পারদর্শীতা সম্পন্ন বক্তা/অতিথি বক্তা নির্বাচনে সর্তক প্রয়াস অব্যাহত রাখতে হবে। এক্ষেত্রে পিপিআর অনুবিভাগ, বিপিএটিসি কর্তৃক প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে হবে। বাস্তবায়ন: সংশ্লিষ্ট কোর্স প্রশাসন, সকল প্রতিষ্ঠান ও পরিচালক (পিপিআর), বিপিএটিসি
৪.	করোনা স্বাস্থ্যবিধি প্রতিপালন	চলমান ৭১তম এফটিসি কোর্সে সম্ভাব্য সর্বোচ্চ করোনা স্বাস্থ্যবিধি অনুসরণের জন্য সভায় বিশেষ গুরুত্ব আরোপ করা হয়। সংশ্লিষ্ট প্রতিটি কোর্স প্রশাসনকে করোনা স্বাস্থ্যবিধি প্রতিপালনে তৎপর থাকতে এবং নির্দিষ্ট সময় অন্তর অন্তর সার্বিক পরিস্থিতি বিবেচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণের আহবান জানানো হয়। সভায় আরো আলোচনা হয় যে, বিপিএটিসিসহ অন্যান্য প্রতিষ্ঠানে নবীণ এবং প্রবীণ কর্মকর্তাগণ প্রশিক্ষণ চলাকালীন সময়ে নিবিড় মিথষ্ক্রিয়ায় সম্পৃক্ত থাকায় তাদের কোভিড-১৯ সংক্রান্ত স্বাস্থ্য ঝুঁকি তৈরি হচ্ছে। এছাড়া প্রশিক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে প্রশিক্ষণার্থীগণের মাঠ সংযুক্তি কার্যক্রম, মুক্তিযুদ্ধের স্মৃতি বিজড়িত স্থান/স্থাপনা পরির্দশন ও বিভিন্ন সরকারি বেসরকারি প্রতিষ্ঠান পরির্দশন করতে হয় এতে প্রশিক্ষণার্থী এবং অনুষদ সদস্যদের স্বাস্থ্য ঝুঁকি তৈরি হয়। ইতোমধ্যে বিপিএটিসি তার একজন স্বনামধন্য চিকিৎসক জনাব ডাঃ রাশেদ সারোয়ার আলম প্রশিক্ষণার্থীদের সেবা দিতে গিয়ে কোভিড-১৯ এ আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন এবং ইতোমধ্যে এসএসসি কোর্সে ১৩ জন, বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে ০৭ জন, এসিএডি কোর্সে ০২ জন করোনায় আক্রান্ত হয়েছিলেন। সভায় প্রশিক্ষণার্থী ও অনুষদ সদস্যদের সুরক্ষার জন্য অগ্রাধিকার ভিত্তিতে ভ্যাকসিন প্রাপ্তির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	দেশব্যাপী কোভিড-১৯ টিকা প্রদান কর্মসূচির ক্ষেত্রে বিপিএটিসি'র সকল কোর্সের প্রশিক্ষণার্থী ও অনুষদ সদস্যদের অগ্রাধিকার প্রদানের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাধ্যমে বিপিএটিসি স্বাস্থ্য মন্ত্রণালয়ে অনুরোধ পত্র প্রেরণ করবে। বাস্তবায়ন: বিপিএটিসি
৫.	বুনিয়াদি কোর্সের সামগ্রিক বিষয়াবলি নিয়ে মাসিক সভা	চলমান ৭১তম এফটিসি'র সামগ্রিক পরিস্থিতি নিয়মিত ভিত্তিতে পর্যালোচনার জন্য সভায় অনুষ্ঠানের বিষয়ে সভায় অভিমত প্রকাশ করা হয়।	চলমান ৭১তম এফটিসি'র সার্বিক অগ্রগতি পর্যালোচনা ও সমন্বয়ের লক্ষ্যে মাসভিত্তিক সভা আয়োজনের ব্যবস্থা নিতে হবে। বাস্তবায়ন: পিঅ্যান্ডএস বিভাগ, বিপিএটিসি ও সংশ্লিষ্ট কোর্স প্রশাসন, সকল প্রতিষ্ঠান
৬.	৭২তম এফটিসি'র প্রস্তুতি	৭২তম এফটিসি আয়োজন নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। করোনা স্বাস্থ্য-বিধির যাতে কোন ব্যতয় না ঘটে সে বিষয়ে সর্বোচ্চ গুরুত্বারোপ করা হয় এবং চলমান ৭১তম এফটিসিসহ আসন্ন ৭২তম এফটিসি'র জন্য শুধু পৃথক আবাসন (Single Accommodation) নিশ্চিত করে আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। পরিচালক (পিপিআর) বিভিন্ন প্রতিষ্ঠানের সক্ষমতার বিষয়টি সভায় উপস্থাপন করেন। তিনি জানান বিপিএটিসিতে ৩০ জন, বিয়াম, ঢাকায় ২৫ জন, আরডিএ, বগুড়ায় ৩০ জন, টিএসসি, গাজীপুরে ৪৫ জন, আরপিএটিসি, ঢাকায় ২৫ জন, পোস্টাল একাডেমিতে ২৫ জন প্রশিক্ষণার্থীসহ মোট ১৮০ জনের প্রশিক্ষণ সক্ষমতা রয়েছে।	Single Accommodation এ (বর্তমান সক্ষমতা) ১৮০ জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ সক্ষমতা থেকে ২৫০-৩০০ পর্যন্ত উন্নীত করা এবং যথাসম্ভব ফেব্রুয়ারি ২০২১ মাসে ৩৮তম বিসিএস এর নবীণ কর্মকর্তাদের নিয়ে প্রশিক্ষণ আয়োজনের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়ন: জনপ্রশাসন মন্ত্রণালয় ও পিপিআর অনুবিভাগ, বিপিএটিসি

৭.	Monthly Progress Report প্রেরণ	জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট কোর্স প্রশাসন কর্তৃক মাসভিত্তিক Progress Report প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়।	মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক প্রতি মাসের নির্দিষ্ট সময়ের মধ্যে Monthly Progress Report প্রেরণ করতে হবে। বাস্তবায়ন: সংশ্লিষ্ট কোর্স প্রশাসন, সকল প্রতিষ্ঠান ও পিপিআর অনুবিভাগ, বিপিএটিসি

০২। আর কোন আলোচ্যসূচি না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ রকিব হোসেন এনডিসি
রেক্টর

স্মারক নম্বর: ০৫.০১.২৬৭২.১৩৩.০৬.০০১.২০.১

তারিখ: ২১ পৌষ ১৪২৭
০৫ জানুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) রেক্টর, বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি
২) মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব অ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন
৩) মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া
৪) মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কোটবাড়ী, কুমিল্লা
৫) অতিরিক্ত সচিব, ক্যারিয়ার প্লানিং ও ট্রেনিং অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়
৬) মহাপরিচালক, টেলিকমিউনিকেশন স্টাফ কলেজ, গাজীপুর
৭) অধ্যক্ষ, পোস্টাল একাডেমী
৮) যুগ্মসচিব, অভ্যন্তরীণ এবং বিদেশ প্রশিক্ষণ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
৯) অনুষদ সদস্য (সকল), বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার, ঢাকা-১৩৪৩।
১০) উপসচিব, অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
১১) পরিচালক, বাংলাদেশ ইনষ্টিটউট অব এ্যাডমিনিস্ট্রেশন এ্যান্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন,বগুড়া
১২) সিএমটি-১ ও সিএমটি-২, ৭১তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স, বিপিএটিসি, সাভার, ঢাকা
১৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়
১৪) উপপরিচালক (উপসচিব), আঞ্চলিক লোকপ্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা
১৫) উপপরিচালক, আঞ্চলিক লোকপ্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, চট্টগ্রাম
১৬) রেক্টর-এর একান্ত সচিব, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
১৭) সহকারী প্রোগ্রামার-৪, বিপিএটিসি, সাভার, ঢাকা (বিপিএটিসি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

ড. মোঃ মহসীন আলী
পরিচালক